শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালী, মাগুরা

টেলিফোনঃ - ০৪৮৮-৬২৭৪৪
মোবাইলঃ - ০১৭৬৯৪০০০৪৬
ই-মেইল - magurapbs_gm@yahoo.com

মুজিব বর্ষ MUJIB 100

স্মারক নং-২৭.১২.৫৫৫৭.৫৫১.০২.০০৮.২০.৬৪৭৪

তারিখ ২৫কার্তিক'১৪২৭বাং
১০/১১/২০২০ইং

## আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি।

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিতঃ ২০১২) এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর / সদস্য সেবা কো-অর্ডিনেটর | পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে। | (ক) ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ১০(দশ) বছর চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>ডিপ্লোমা ইন-ইলেকট্রিক্যাল/পাওয়ার ইঞ্জিনিয়ারিং ডিগ্রীপ্রাপ্তদের ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ০৫(পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় সকল প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(গ) ওয়্যারিং সংক্রান্ত মালামাল এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে।<br>(ঘ) বিগত ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>(ঙ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ করতে হবে। |

**শর্তাবলীঃ**

১। আগ্রহী আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে স্বহস্তে সাদা কাগজে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা,অভিজ্ঞতা, বর্তমান পদে যোগদানের তারিখ ও নিয়মিতকরণের তারিখ ইত্যাদি উল্লেখ করে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ পূর্বক আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ২১/১১/২০২০খ্রিঃ তারিখ সকাল ১০:০০ঘটিকায় মাগুরা পবিসের সদর দপ্তর, পারনান্দুয়ালী, মাগুরাতে স্ব-শরীরে উপস্থিত থাকতে হবে।

২। আবেদন পত্রে নিম্নোক্ত কাগজ পত্র/দলিলাদি এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ-

ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

খ) বিগত ০৩ (তিন) বছরের (সর্বশেষ তিন বছরের) বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।

গ) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি ।

ঘ) বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়ার ফলাফলের সত্যায়িত কপি ।

ঙ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি।

চ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।

ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যায়ন পত্র দাখিল করতে হবে।

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালী, মাগুরা

টেলিফোনঃ - ০৪৮৮-৬২৭৪৪
মোবাইলঃ - ০১৭৬৯৪০০০৪৬
ই-মেইল - magurapbs_gm@yahoo.com

৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহনের ক্ষেত্রে নিম্নবর্নিত প্রার্থীকে বিবেচনা করা হবে না।

ক) সর্বশেষ ০৩ (তিন) বৎসরে কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
খ) সর্বশেষ ০১ (এক) বৎসরে কোনরুপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
গ) বিগত ০৫ (পাঁচ) বৎসরের ভিতর একের অধিক বার গুরুদন্ডপ্রাপ্ত হয়েছেন।
ঘ) বিগত ০৪ (চার) বৎসরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ডপ্রাপ্ত হয়েছেন।
ঙ) বিগত ০৩ (তিন) বৎসরের ভিতর একের অধিক বার লঘুদন্ডপ্রাপ্ত হয়েছেন।
চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।
ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবে না।
জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হবে না।

৪। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবে।
ক) পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের ''পদ বিবরণী'' তে উল্লেখিত সকল শর্তাদি পুরণ করতে হবে।
খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ এ উল্লেখিত বিধান/শর্তাদি পুরণ করতে হবে।
গ) পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২, (সংশোধিত-২০১২ইং) এর ধারা প্রতিপালন করা হবে।

৫। সংশোধিত নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন সংরক্ষন করা হবে।

৬। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগলিক এলাকায় অবস্থিত প্রার্থী অর্থাৎ মাগুরা সদর, শালিখা, শ্রীপুর ও মহম্মদপুর উপজেলার স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

৭। ইতিপূর্বে অন্যকোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

৮। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য ''চলতি দায়িত্বে'' নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

৯। কোন তথ্য গোপন করে পদোন্নতি গ্রহণ করলে এবং পরবর্তীতে তা প্রমানিত হলে সরাসরি তাকে চাকুরী হতে রবখাস্ত করা হবে।

১০। নির্বাচনী সাক্ষাতকারে অংশগ্রহণের জন্য কোন প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগনের স্বামী/স্ত্রী অথবা রক্ত সম্পর্কীয় প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

১২। যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৩। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া বিবেচিত হবে।

( রবীন্দ্রনাথ দাস )
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য
১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ), পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার......................... পবিস-১/২/৩/৪।
৫। ডিজিএম,(সদর দপ্তর-কারিগরী)/আড়পাড়া জোনাল অফিস, মাগুরা পবিস।
৬। এজিএম অর্থ/প্রশাসন/সঃসেঃ/ওএন্ডএম(সদর, আড়পাড়া, মহম্মদপুর, শ্রীপুর) মাগুরা পবিস।
৭। অফিস কপি/মাষ্টার কপি।